দৈনিক
আমাদের সময়

তারিখ ... 31 AUG 2016 ...
পৃষ্ঠা ...৭... কলাম ...২...

# শাবিতে জঙ্গিবাদ ছড়িয়ে পড়ার আশঙ্কা ড. জাফর ইকবালের

শাবি প্রতিনিধি *
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) শিক্ষার্থীদের মধ্যে জঙ্গিবাদ
ছড়িয়ে পড়তে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন বিশিষ্ট লেখক ও বিশ্ববিদ্যালয়টির
শিক্ষক অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল। শাবি ক্যাম্পাসে শিক্ষকদের ওপর
ছাত্রলীগের হামলার একবছর পূর্তিতে ও হামলার প্রতিবাদে গতকাল ক্যাম্পাসে এক
প্রতীকী অনশন কর্মসূচিতে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। এজন্য তিনি
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অব্যবস্থাপনাকে দায়ী করে বলেন, একজন অদক্ষ এবং
অযোগ্য ভিসি দিয়ে ক্যাম্পাস চলছে। এক সময় যারা হিযবুত তাহরীরের মতো
সংগঠনের সঙ্গে যুক্ত ছিল তাদের দিয়ে চালানো হচ্ছে বিশ্ববিদ্যালয়। এভাবে একটি
বিশ্ববিদ্যালয় চলতে পারে না বলে মন্তব্য করেন তিনি। গত বছর ৩০ আগস্ট শাবি
উপাচার্য আমিনুল হক ভূঁইয়ার বিরুদ্ধে দুর্নীতি ও স্বজনপ্রীতির অভিযোগ এনে তার
পদত্যাগের আহ্বানে কর্মসূচি পালনকালে শিক্ষকদের ওপর হামলা চালায় উপাচার্যের
আশীর্বাদপুষ্ট ছাত্রলীগের একটি গ্রুপ। পরে তাদের কয়েকজনের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়
কর্তৃপক্ষ ব্যবস্থা নিলেও তা কার্যকর হয়নি। বহাল আছেন উপাচার্যও। অনশন
কর্মসূচিতে আরও অংশ নেন মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক পরিষদের
আহ্বায়ক অধ্যাপক আনোয়ারুল ইসলাম দিপু, অধ্যাপক ড. ইয়াসমিন হক, ড. মো.
ইউনুস, ড. মো. সাইফুল ইসলাম, ড. আব্দুল আওয়াল বিশ্বাস, ড. মস্তাবুর রহমান,
ড. তুলসী কুমার দাস, ড. দীপেন দেবনাথ ও সহযোগী অধ্যাপক ফারুক উদ্দিন প্রমুখ